

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর  
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০

স্মারক নং- বাঃ স্কাঃ (সাধারণ সেবা)/৪৩১(৭৪৫)/২০২১

তারিখ : ০৪ আশ্বিন ১৪২৮  
১৯ সেপ্টেম্বর ২০২১

## পরিপত্র

**বিষয় :** “আমার চোখে করোনা যুদ্ধ” ক্যাম্পেইন শীর্ষক ফটোগ্রাফি ও ডকুমেন্টারি প্রতিযোগিতায় অংশগ্রহণ সম্পর্কীয়।

বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের হিউম্যান ডেভেলপমেন্ট মিডিয়া তরুণদের সম্পৃক্ততায় জনসচেতনতা তৈরিতে “আমার চোখে করোনা যুদ্ধ” শীর্ষক ক্যাম্পেইন পরিচালনার লক্ষ্যে ফটোগ্রাফি ও ডকুমেন্টারি প্রতিযোগিতা আয়োজন করেছে। “মাস্ক আমার সুরক্ষা সবার” এই থিমকে সামনে রেখে উক্ত ক্যাম্পেইনটি পরিচালনা করা হবে এবং আগামী ১৫ অক্টোবর ২০২১ পর্যন্ত ক্যাম্পেইনটি পরিচালিত হবে।

২। “আমার চোখে করোনা যুদ্ধ” ক্যাম্পেইন শীর্ষক ফটোগ্রাফি ও ডকুমেন্টারি প্রতিযোগিতা নিম্ন বর্ণিত বিষয়ের উপর আয়োজন করা হয়েছে।

ফটোগ্রাফি:-

- Mask wearing Activity
- Vaccination program
- Covid-19 awareness activity

ডকুমেন্টারি:-

- Covid-19 survivor story
- Covid-19 loss story

৩। বাংলাদেশ স্কাউটস এর সকল অঞ্চল, জেলা, উপজেলা ও ইউনিট থেকে কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট উপরিউল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে।

৪। উপর্যুক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ কোভিড-১৯ কালীন নিজেদের দায়িত্ব ও কর্তব্য সম্বন্ধে সচেতন হবে ও জনসাধারণকে সচেতন হতে অনুপ্রাণিত করবে।

বর্ণিত বিষয়ের উপর ফটোগ্রাফি ও ডকুমেন্টারি ক্যাটাগরি ও বিষয় উল্লেখ করে অংশগ্রহণকারীর নাম, ইউনিট নাম, স্কুলের নাম, উপজেলা, জেলা ও মোবাইল নম্বরসহ MaskHub Bangladesh এর ম্যাসেঞ্জার বক্স এ প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, উপর্যুক্ত প্রতিযোগিতায় প্রতিটি ক্যাটাগরিতে বিজয়ী প্রথম ৫ (পাঁচ) জনকে এটুআই এবং হিউম্যান ডেভেলপমেন্ট মিডিয়া কর্তৃক ট্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হবে।



(মোহাম্মদ গোলাম মোস্তফা)

পরিচালক (স: উ: ও স্বাস্থ্য)

বাংলাদেশ স্কাউটস

**বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

- ১। আঞ্চলিক উপ কমিশনার (স. উ. ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৪। কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার/রেলওয়ে জেলা/নৌ জেলা/এয়ার জেলা;
- ৫। কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা।

**সদয় জ্ঞাতার্থে :**

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ২। জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস;
- ৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস।